

## মংলার সেন্ট পলস স্কুলের সুবর্ণজয়ন্তী শিক্ষাপ্রতিষ্ঠানকে ধর্মনিরপেক্ষ থাকা উচিত: হাবিবুর রহমান

মংলা (বাগেরহাট) প্রতিনিধি

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান বলেছেন, ধর্মের জ্ঞান থাকলে মানুষ সহিষ্ণু থাকতে পারে। ধর্মীয় সংযোগীদের সব সময় সংবাদপত্রের সুখ-দুঃখের জাগী হওয়া প্রয়োজন। এ জন্য শিক্ষাপ্রতিষ্ঠানকে সব সময় ধর্মনিরপেক্ষ থাকা উচিত। গত বছর প্রতিবার মংলার সেন্ট পলস উচ্চবিদ্যালয়ের ৫০ বছর পূর্তি উপলক্ষে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

বর্তমান ও প্রাক্তন ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা এবং আমন্ত্রিত অতিথিদের উপস্থিতিতে সেন্ট পলস উচ্চবিদ্যালয়ের সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানটি এক মিলনমেলার রূপ নেয়। বিচারপতি হাবিবুর রহমান তার বক্তব্যে বলেন, ইতালীয়দের সহযোগিতায় দেশের বিভিন্ন স্থানে ভালো মানের শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে উঠেছে। তিনি মহান মুক্তিযুদ্ধের সময় ইতালীয়দের ত্যাগের কথা গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন।

বিশ্ব মাইকেল এডি রোজেরিও সিএসসি ডিভির সভাপতিত্বে সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ফাদার রিগন এস এন্ড ফাদার পিও মার্ভেলি এস এন্ড ফাদার রামেন বৈরাগী, বাগেরহাট জেলা শিক্ষা অফিসার মোঃ ইমরান আলী, নির্মল কুমার মল্ল, এম এ জাকার, ডা. মেহেরুদ্দোহা হাম্মা, শিপিয়ার কুমার মওল, সুজোহিত রায় মজুমদার শ্রমণ।

অনুষ্ঠানে সেন্ট পলস উচ্চবিদ্যালয়ের প্রাক্তন তিন কৃষী শিক্ষার্থীকে ক্রেস্ট প্রদান করা হয়। সন্ধ্যা ১০টায় জাতীয় পতাকা উত্তোলন ও মোমবাতি জ্বালানোর মধ্য দিয়ে প্রধান অতিথি দু-দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করেন। সন্ধ্যায় মনোরম সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।